



যুক্তরাষ্ট্রে নিহত লিমনের মরদেহ দেশে, তদন্তের দাবি স্বজনদের



যুক্তরাষ্ট্রে নিহত লিমন। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় হত্যাকাণ্ডের শিকার বাংলাদেশি পিএইচডি শিক্ষার্থী জামিল আহমেদ লিমনের মরদেহ দেশে ফিরেছে। এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে সোমবার সকালে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তা পৌঁছায়। এর আগে স্থানীয় সময় শনিবার রাতে অরল্যান্ডো থেকে মরদেহ বহনকারী বিমানটি ঢাকার উদ্দেশে রওনা দেয়। দুবাই হয়ে দীর্ঘ যাত্রা শেষে সেটি বাংলাদেশে এসে পৌঁছায়। বিমানবন্দরে লিমনের বাবা-মাসহ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে বলে জানা গেছে। এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করেছেন স্বজনরা।

LENS ASIA